

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০৫.০০৩.১২(খন্ড)/৫৭৬

তারিখঃ- ২৫ শ্রাবণ ১৪২৪  
০৯ আগস্ট, ২০১৭

প্রজ্ঞাপন


জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১১.০৫.০০৩.১২(খন্ড)/৭৩৪ নং প্রজ্ঞাপনের ক্রমিক নং-৮ এ উল্লেখিত বি,সি,এস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ এনামুল হক, যুগ্ম-কমিশনার (চঃদাঃ)-কে মোংলা, কাস্টম হাউস, খুলনা হতে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামে বদলী করা হয়।

০২। এক্ষণে, মোংলা কাস্টম হাউস, খুলনায় অন্য একজন যুগ্ম-কমিশনার পদস্থ না হওয়া পর্যন্ত তাঁকে অবমুক্ত না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৪। উক্ত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

  
(খান মোঃ রেজা-উন-নবী)

দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১)

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০৫.০০৩.১২(খন্ড)/৫৭৬

তারিখঃ- ২৫ শ্রাবণ ১৪২৪  
০৯ আগস্ট, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহা-পরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। কমিশনার, কাস্টম হাউস, মোংলা, খুলনা।

০৪। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

০৫। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


০৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম/খুলনা।

০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন/শুল্ক ও ভ্যাট প্রশাসন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। জনাব.....

  
(খান মোঃ রেজা-উন-নবী)

দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন-১)

